

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
www.youth.sylhet.gov.bd



স্মারক নং-৩৪.০১.৯১০০.০০০.১৮.১৬৭.১৭-৩৬০

তারিখ : ০১/০৯/২০২০খ্রিঃ

বিষয় : জনাব মোঃ আব্দুল লতিফ, উচ্চমান সহকারী এর আনুতোষিক ও মাসিক অবসর ভাতা মঞ্জুরী প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট জেলা কার্যালয়ের উচ্চমান সহকারী জনাব মোঃ আব্দুল লতিফ-এর ০১/০৭/২০১৯ খ্রিঃ তারিখ চাকুরী হতে অবসর গ্রহণ করেন। তার মোট পেনশনযোগ্য চাকুরীকাল ৩১ বছর ০৬ মাস ৩০ দিন এবং তিনি বিধি মোতাবেক ৯০% হারে পেনশন প্রাপ্য। প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে তার মূল বেতন ২৩,৬৬০/- টাকা। তিনি ২৩,৬৬০/-টাকার ৯০% হারে ২১,২৯৪/- টাকা মোট অবসর ভাতা প্রাপ্য। তিনি অবসর ভাতা ২১,২৯৪/- টাকার ১ম অর্ধাংশ ১০,৬৪৭/- টাকার বিনিময় হার ২৩০/- টাকা হিসেবে (১০,৬৪৭/-x২৩০/-) =২৪,৪৮,৮১০/- (চব্বিশ লক্ষ আটচল্লিশ হাজার আটশত দশ) টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ১০,৬৪৭/- (দশ হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা হারে মাসিক অবসর ভাতা প্রাপ্য।


০২। বর্ণিত অবস্থায় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ২৭/০১/২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুচ্ছেদ-২.০৬ মোতাবেক প্রাপ্য আনুতোষিক হিসেবে =২৪,৪৮,৮১০/- (চব্বিশ লক্ষ আটচল্লিশ হাজার আটশত দশ) টাকা ও ১০,৬৪৭/- (দশ হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা হারে মাসিক অবসর ভাতা জনাব মোঃ আব্দুল লতিফ-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

০৩। তার আনুতোষিক ও মাসিক অবসরভাতা পরিশোধের জন্য নিম্নবর্ণিত কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ক্রঃনং	বিবরণ	সংখ্যা
০১	পারিবারিক পেনশন ফরম ২.১	০১(এক) কপি
০২	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক) কপি
০৩	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধীকারী ঘোষণাপত্র	০১(এক) কপি
০৪	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক) কপি
০৫	প্রত্যাশিত শেষ বেতনের প্রত্যয়নপত্র (ইএলপিসি)	০১(এক) কপি
০৬	অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরী আদেশ	০১(এক) কপি
০৭	মূল চাকুরী বহি	০১(এক) টি

সংযুক্তি : বর্ণনা মোতাবেক-০৭(সাত) কপি।

ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস
সিলেট।


মোঃ আলাউদ্দিন
উপপরিচালক


যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
মোবাইল নং-০১৭০৯৩০৬৬১
dddysylhet@gmail.com

তারিখ : ০১/০৯/২০২০খ্রিঃ

স্মারক নং-৩৪.০১.৯১০০.০০০.১৮.১৬৭.১৭-৩৬০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। উপপরিচালক (অর্থ ও অডিট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জনাব মোঃ আব্দুল লতিফ, উচ্চমান সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
- ০৫। অফিস কপি।


মোঃ আলাউদ্দিন
উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।